# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 22-07-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সসম্মানে চাকরিতে পুনর্বহালের দাবিতে আজ থেকে দিল্লিতে ধর্নায় বসছেন চাকরি হারানো যোগ্য শিক্ষক শিক্ষিকাদের একাংশ।

২)স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া মামলা খারিজ হয়ে গেছে।

৩) বিভিন্ন রাজ্যে বাঙালিদের হেনস্থার অভিযোগে ভাষা আন্দোলনের ডাক দিয়েছেন, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৪) আগামী চৌঠা আগস্ট দলীয় বিধায়কদের নিয়ে উত্তরকন্যা অভিযানের কথা ঘোষণা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৫) মৌসুমী অক্ষরেখা এবং মৌসুমী বায়ুর কারণে আজ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooo

সসম্মানে চাকরিতে পুনর্বহালের দাবিতে আজ থেকে দিল্লিতে ধর্নায় বসছেন চাকরি হারানো যোগ্য শিক্ষক শিক্ষিকাদের একাংশ। দিল্লিতে একগুচ্ছ কর্মসূচি নিয়েছে যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ। একটি প্রতিবেদন-

(ভিসি-সু/মু)

মঞ্চের আহবায়ক মেহবুব মন্ডল জানিয়েছেন, আজ থেকে বৃহস্পতিবার পর্যন্ত দিল্লির রামলীলা ময়দানে তাঁরা ধর্না কর্মসূচি পালন করবেন। বৃহস্পতিবার দিল্লি প্রেস ক্লাবে নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে গণ কনভেনশনের আয়োজন করবেন তাঁরা।

oooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ পরীক্ষায় আবেদনের সময়সীমা গতকাল শেষ হয়েছে। প্রায় ৬ লক্ষ পরীক্ষার্থী আবেদন জানিয়েছেন বলে এসএসসি সূত্রের খবর।। যোগ্য চাকরিহারা শিক্ষক শিক্ষিকাদের অধিকাংশই আবেদন করেছেন বলে সংগঠনগুলি জানিয়েছে। তাদের বক্তব্য, শারীরিক অসুস্থতা সহ নানা কারণে কিছু শিক্ষক, শিক্ষিকা আবেদন জানাননি।

উল্লেখ্য, ১৬ই জুন থেকে আবেদন জানানোর প্রক্রিয়া শুরু হয়েছিল। প্রথম দফার আবেদন শেষ হওয়ার কথা ছিল ১৪ জুলাই। সেই সময়সীমা বাড়িয়ে ২১ জুলাই করা হয়েছিল।

ooooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের নতুন নিয়োগ বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া মামলা খারিজ হয়ে গেছে। ২০২৫-এর এস এস সি নিয়োগ প্রক্রিয়ায় কোনরকম হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে শীর্ষ আদালত। চিহ্নিত অযোগ্যরা নতুন নিয়োগ পরীক্ষায় বসতে পারবেন না বলে কলকাতা হাইকোর্টের সিঙ্গল ও ডিভিশন বেঞ্চ নির্দেশ দেওয়ার পরেও অতিরিক্ত শূন্য পদ সৃষ্টি, বয়সের ক্ষেত্রে ছাড় এবং অভিজ্ঞতার ভিত্তিতে নম্বর দেওয়া নিয়ে কমিশনের কয়েকটি সিদ্ধান্তের বিরুদ্ধে সর্বোচ্চ আদালতে মামলা দায়ের করা হয়। তারই শুনানিতে বিচারপতি সঞ্জয় কুমার এবং বিচারপতি সতীশ চন্দ্র শর্মার বেঞ্চ জানিয়েছেন, এধরনের মামলাকে তারা গুরুত্ব দিতে নারাজ। কমিশন তার

এক্তিয়ার বহির্ভূত কোনো কাজ করেনি বলে জানিয়ে, সর্বোচ্চ আদালত বলেছে, আদালতের নির্দেশ মাফিক শুধুমাত্র যোগ্য ও প্রতিবন্ধী প্রার্থীরা বয়সের ক্ষেত্রে ছাড় পাবেন।

০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন রাজ্যে বাঙালীদের হেনস্থার অভিযোগে ভাষা আন্দোলনের ডাক দিয়েছেন,তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। ২১-শে জুলাই-এর মঞ্চ থেকে গতকাল বিজেপি-র বিরুদ্ধে বাঙালী বিদ্বেষের অভিযোগ তুলে তিনি বলেন, দেশজুড়ে বাংলাভাষা ও বাংলাভাষীদের ওপর সন্ত্রাস চলছে। এর প্রতিবাদে আগামী ২৭ শে জুলাই থেকে প্রতি শনি ও রবিবার সব ভাষাভাষী মানুষকে নিয়ে ভাষা আন্দোলনের ডাক দেন তিনি।

(বাইট-মমতা)

বিহারে যেভাবে নির্বাচন কমিশন ‘SIR’ ব্যবস্থা চালিয়ে ভোটার তালিকা নিয়ে কারসাজি করেছে, সেটা বাংলায় চালু করার চেষ্টা হলে কমিশনের অফিস ঘেরাও করা হবে বলে হুঁশিয়ারী দেন মুখ্যমন্ত্রী।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন, ভোটার তালিকায় সংশোধন নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস দিল্লিতে বৃহত্তর আন্দোলন করবে।

এদিকে, আদালতের নির্দেশ পালন এবং অনুপ্রবেশ রোক্ষার প্রচেষ্টাকে তৃণমূল কংগ্রেস নেত্রী ইচ্ছাকৃতভাবে বাঙালী হেনস্থার চেহারা দিতে চাইছেন বলে বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেছেন।

(বাইট – শমীক)

সিপিআই এম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম তৃণমূল কংগ্রেসের ভাষা আন্দোলনকে কটাক্ষ করেছেন।

(বাইট – সেলিম)

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, ভোট এলেই এন আর সি, পরিযায়ী শ্রমিকদের হাতিয়ার করা হয়।

(বাইট – অধীর)

oooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগামী চৌঠা আগষ্ট দলীয় বিধায়কদের নিয়ে উত্তরকন্যা অভিযানের ডাক দিয়েছেন। রাজ্যজুড়ে একের পর এক নারী নির্যাতনের প্রতিবাদে ও কন্যা সুরক্ষার দাবিতে বিজেপি যুব মোর্চা গতকাল শিলিগুড়ির তিনবাত্তি মোড় থেকে চুনাভাটি ফুটবল গ্রাউন্ড পর্যন্ত উত্তরকন্যা অভিযান মিছিল করে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই মিছিলে নেতৃত্ব দেন। তিনি বলেন, আগামী চার তারিখ ৬৫ জন বিধায়ককে নিয়ে তিনি উত্তরকন্যায় যাবেন। ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে আরও বেশি আসন নিয়ে ক্ষমতায় আসবেন বলে মুখ্যমন্ত্রী যে চ্যালেঞ্জ করেছেন তার জবাবে বিরোধী দলনেতা বলেন, ২০২৬ সালে মমতা ব্যানার্জী প্রাক্তন মুখ্যমন্ত্রীতে পরিণত হবেন। তিনি বলেন, এ রাজ্যেও অবৈধ ভোটারদের তালিকা থেকে বাদ দেওয়া হবে।

oooooooooooooooooooo

অবৈধভাবে এদেশে প্রবেশের অভিযোগে মুর্শিদাবাদের লালগোলা ও রানিনগর থেকে পুলিশ ৮ বাংলাদেশীকে গ্রেফতার করেছে। তাদের সহায়তা করার অভিযোগে গ্রেফতার তিন ভারতীয়। গোপন তথ্যের ভিত্তিতে লালগোলা এলাকায় জামিরুল শেখ

নামে এক ব্যক্তির বাড়িতে অভিযান চালিয়ে বাংলাদেশের পাঁচ নাগরিককে গ্রেফতার করা হয়। ধৃতরা সকলেই চাপাই নবাবগঞ্জ জেলার বাসিন্দা।

এদের আশ্রয় দেওয়ার অভিযোগে দুই ভারতীয় নাগরিককেও গ্রেফতার করা হয়েছে। অন্যদিকে, রানিনগরে তল্লাশি চালিয়ে তিন বাংলাদেশী নাগরিক ও এক ভারতীয়কে গ্রেফতার করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০

এরাজ্যে মৌসুমী অক্ষরেখা দীঘা হয়ে উত্তর-পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। এদিকে সক্রিয় রয়েছে মৌসুমী বায়ু। এর ফলে আজ দক্ষিণবঙ্গের উত্তর ও দক্ষিণ 24 পরগনা, দুই মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন, বৃহস্পতিবার উত্তর বঙ্গোপসাগরে একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে এর ফলে আগামীকাল থেকেই বৃষ্টি বাড়বে উপকূলীয় জেলাগুলিতে।।

০০০০০০০০০০০০০০০০০০০

স্বাস্থ্য সংক্রান্ত সমস্যার কারণে জগদীপ ধনখড় উপরাষ্ট্রপতির পদ থেকে ইস্তফা দিয়েছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে লেখা একটি চিঠিতে, শ্রী ধনখড় জানিয়েছেন, চিকিৎসকদের পরামর্শ মেনে শারীরিক সুরক্ষার বিষয়টিকে অগ্রাধিকার দিতেই তাঁর পদত্যাগের সিদ্ধান্ত। উপরাষ্ট্রপতি পদে তাঁর কার্যকালের মেয়াদে সম্পূর্ন সহযোগীতার জন্য রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানিয়েছেন তিনি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মন্ত্রিসভার সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে শ্রী ধনখড় বলেন, যে সহযোগিতা এবং সমর্থন তিনি প্রধানমন্ত্রীর কাছ থেকে পেয়েছেন তা অত্যন্ত মূল্যবান।

০০০০০০০০০০০০০০০০০০

গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড বা জিআরএসই গতকাল অষ্টম অ্যান্টি সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্রাফটস জাহাজ চালু করেছে। ভারতীয় নৌবাহিনীর জন্য নির্মিত এই জাহাজটি অ্যান্টি সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্রাফটস সিরিজের অষ্টম এবং শেষ জাহাজ। অজয় নামক এই জাহাজটির উদ্বোধন করেন ভারতীয় নৌবাহিনীর ভাইস অ্যাডমিরাল কিরণ দেশমুখের স্ত্রী প্রিয়া দেশমুখ। জিআরএসইর চেয়ারম্যান পি আর হরি বলেন-,এই অ্যান্টি সাবমেরিন ওয়ারফেয়ার শ্যালো ওয়াটার ক্রাফটসগুলির প্রধান ভূমিকা হল উপকূলের কাছাকাছি জলসীমা শত্রু দেশের সাবমেরিন থেকে মুক্ত রাখা। ৭৭ দশমিক ৬মিটার লম্বা এবং ১০দশমিক ৫মিটার প্রস্থের অত্যন্ত শক্তিশালী যুদ্ধ জাহাজগুলি উপকূলীয় জলসীমায় নজরদারি চালাতে সক্ষম। এই যুদ্ধজাহাজগুলিতে হাল্কা টর্পেডো,রকেট এবং মাইন সহ সাবমেরিন বিরোধী সব ধরনের যন্ত্র রয়েছে।

oooooooooooooooooooo

নন্দনে রিপাবলিক অফ ভেনেজুয়েলা ও ফোরাম ফর ফিল্ম স্টাডিজ অ্যান্ড অ্যালয়েড আর্টস-এর যৌথ উদ্যোগে দুদিনব্যাপী তৃতীয় ভেনেজুয়েলা চলচ্চিত্র উৎসবের সূচনা হয়েছে। গতকাল উদ্বোধনী ছবি হিসেবে দেখানো হয় Tarkari de Chivo. উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতায় ভেনেজুয়েলা দূতাবাসের কাউন্সেলর আলফ্রেডো কালডেরা, চিত্রপরিচালক ও সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউটের প্রাক্তন ডিন অশোক বিশ্বনাথন, সমালোচক ও বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব শমিক বন্দ্যোপাধ্যায় প্রমুখ। আজ প্রদর্শিত হবে Tango Bar এবং Julia has a Sugar ছবিগুলি।

oooooooooooooooooooo

পুরুলিয়ার জয়পুরে সরকারি চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগে এক মহিলা সহ ছয় জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। জেলা পুলিশ সুপার অভিজিৎ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এই প্রতারণা চক্রটি ভুয়ো ইন্টারভিউ নিয়ে প্রশিক্ষণে পাঠানোর নামে চাকরিপ্রার্থীদের কাছ থেকে টাকা দাবি করছিলো। ধৃতদের গতকাল পুরুলিয়া জেলা আদালতে তোলা হলে অরুণ কুমার ও দীপক ওঝার তিন দিনের পুলিশি হেফাজত এবং নরেশচন্দ্র মাহাতো, সন্দীপ গিরি, অনুরাধা গিরি এবং অনুপ পালের ১৪ দিনের জেল হেফাজত হয়েছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo